

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
আইসিটি শাখা



জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সিটিজেন চার্টার অনুযায়ী ত্রৈমাসিক (এপ্রিল-জুন/২০) সেবা প্রদান
প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন পরিবীক্ষণ সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ জিল্লুর রহমান চৌধুরী যুগ্মসচিব
সভার তারিখ	১৫.০৭.২০২০
সভার সময়	১১.০০
স্থান	অনলাইন সিস্টেম
উপস্থিতি	রেকর্ডেড

২.০ আলোচনা:

২.১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে প্রোগ্রামার জনাব মোঃ মাফরুল আলম জানান, গত ০২ জুন ২০২০ তারিখে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন পরিবীক্ষণ সংক্রান্ত ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২০) সভা অনুষ্ঠিত হয়। সভায় বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে জানতে চাওয়া হলে প্রোগ্রামার জানান যে, সর্বশেষ কর্মবন্টন অনুযায়ী এ বিভাগের সিটিজেনস চার্টারে কর্মকর্তাদের নাম, মোবাইল, ই-মেইল হালনাগাদ/পরিবর্তন করে তথ্য বাতায়নে আপলোড করা হয়েছে। সভায় এ বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) অনুযায়ী সেবা দেওয়া হচ্ছে কিনা তা সভাপতি জানতে চান। সে প্রেক্ষিতে প্রোগ্রামার জানান যে, অনেক দপ্তর/সংস্থায় তাদের হালনাগাদকৃত সিটিজেনস চার্টার তথ্য বাতায়নে পাওয়া যায়নি। সভাপতি সিটিজেন চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা যথাসময়ে প্রদানের জন্য উপস্থিত সকলকে আরও তৎপর হওয়ার এবং দপ্তর/সংস্থায় সিটিজেন চার্টার হালনাগাদ করে সে অনুযায়ী যথাসময়ে সেবা প্রদান করার নির্দেশনা প্রদান করেন।

৩.০ সিদ্ধান্ত:

বিস্তারিত আলোচনার পর সভায় সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

- ক. সকল শাখা/অধিশাখা সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করবে এবং
- খ. এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থায় সর্বশেষ কর্মবন্টন অনুযায়ী কর্মকর্তাদের নাম, মোবাইল, ই-মেইল হালনাগাদ/পরিবর্তন করে তথ্য বাতায়নে আপলোড করবে এবং সে অনুযায়ী সেবা প্রদান করবে।

৪.০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করা হয়।

মোঃ জিল্লুর রহমান চৌধুরী
যুগ্মসচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সচিব, সমন্বয় ও সংস্কার, সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ [দৃ: আ: উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), সুশাসন অধিশাখা]
- ২) যুগ্মসচিব, প্রশাসন-৩ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৩) উপসচিব, উন্নয়ন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৪) উপসচিব, বাজেট অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৫) উপসচিব, অপারেশন-১ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৬) উপসচিব, প্রশাসন-১ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৭) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৮) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ



মোঃ মাফরুল আলম
প্রোগ্রামার